দামুড়হুদায় ভূমি সেবা সপ্তাহ’র শুভ উদ্বোধন

‘স্মার্ট ভূমি সেবায় ভূমি মন্ত্রণালয়’ এই প্রতিপাদ্যকে সামনে রেখে দামুড়হুদা উপজেলায় ভূমি সেবা সপ্তাহ ২০২৩ উদ্বোধন করা হয়েছে। গতকাল সোমবার সকাল ১০টার সময় উপজেলা ভূমি অফিস প্রাঙ্গণে সেবা সপ্তাহের উদ্বোধন করা হয়।

দামুড়হুদা উপজেলা প্রশাসন আয়োজিত এ কার্যক্রমের উদ্বোধন করেন চুয়াডাঙ্গা জেলার অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) কবির হোসেন। ভূমি সেবা সপ্তাহ উদ্বোধন উপলক্ষে উপজেলা ভূমি কার্যালয় থেকে বর্ণাঢ্য র্যালি শুরু হয়ে দামুড়হুদা বাজারের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে ভূমি অফিসে এসে শেষ হয়।

এসময় উপস্থিত ছিলেন- দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট রোকসানা মিতা, উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট সজল কুমার দাস, উপজেলা ভাইস চেয়ারম্যান শহিদুল ইসলাম, মহিলা ভাইস চেয়ারম্যান সাহিদা খাতুন, দামুড়হুদা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলী, জুড়ানপুর ইউনিয়ন সহকারী ভূমি কর্মকর্তাবৃন্দ, ভূমি অফিসের সকল কর্মকর্তা ও কর্মচারিবৃন্দ।
এসময় আয়োজকরা জানান, ভূমি সেবা সপ্তাহের মূল লক্ষ্য প্রধানমন্ত্রী শেখ হাসিনার উদ্বোধন করা স্মার্ট ভূমিসেবার মূল অংশীজন হিসেবে দেশের জনগণকে সম্পৃক্ত করা।

এছাড়া স্মার্ট ভূমিসেবা বিষয়ে সকলকে পুঙ্খানুপুঙ্খভাবে অবগত করা ও ভূমি সেবা পাওয়ার ক্ষেত্রে নিজ নাগরিক অধিকারের ব্যাপারে সকলের মধ্যে সচেতনতা বৃদ্ধি করাই এ বছরের ভূমি সেবা সপ্তাহের মূল লক্ষ্য বলে জানান আয়োজকরা। ২২ মে থেকে ২৮ মে সপ্তাহব্যাপী উপজেলা ভূমি অফিস প্রাঙ্গণে এসে যে কেউ ভূমি সংক্রান্ত যেকোনো তথ্য-পরামর্শ এবং সেবা নিতে পারবেন।

[redacted]

[redacted]

জীবননগরে সামাজিক পুজি গঠন ও সেবাসমূহ জনবান্ধব করণীয় বিষায়ক আলোচনা সভা

জীবননগরে সামাজিক পুজি গঠনের মাধ্যমে সরকারি সেবাসমূহ জনবান্ধবকরন প্রকল্পের আওতায় নারীর প্রতি সহিংসতা ও বাল্যবিবাহ প্রতিরোধে উপজেলা প্রশাসন, ইউনিয়ন পরিষদ এবং ইমাম, কাজী, ঘটক ও পুরোহিতদের করণীয় বিষায়ক আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল সোমবার জীবননগর ওয়েভ ফাউন্ডেশন ও লোকমোর্চার আয়োজনে জীবননগর উপজেলা পরিষদের হলরুমে একটি আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

জীবননগর উপজেলা লোকমোর্চার সভাপতি আবুল কালাম আযাদের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্তিত ছিলেন,চুয়াডাঙ্গা জেলা প্রশাসক মোঃ আমিনুল ইসলাম খান।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন,জীবননগর উপজেলার সহকারী কমিশনার (ভূমি) তিথি মিত্র, চুয়াডাঙ্গা জেলা লোকমোর্চার সাধারন সম্পাদক ও দৈনিক প্রথম আলোর চুয়াডাঙ্গা জেলা প্রতিনিধি শাহ আলম সনি, জীবননগর উপজেলা লোকমোর্চার সাধারন সম্পাদক আবু মোঃ আব্দুল লতিফ অমল, জীবননগর উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান আয়েসা সুলতানা লাকী, মনোহরপুর ইউপি চেয়ারম্যান সোহরাব হোসেন খান প্রমুখ।

উক্ত অনুষ্ঠানটি সার্বিক পরিচালনা করেন জীবননগর উপজেলা লোকমোর্চার সমন্বয়কারী আব্দুল আলীম সজল।

চুয়াডাঙ্গা জেলা যুব মহিলা

লীগের বিক্ষোভ মিছিল ও প্রতিবাদ সমাবেশ

রাজশাহী জেলা বিএনপির আহবায়ক আবু সাইদ চাঁদ কতৃক প্রকাশ্য জনসভায় বাংলাদেশ আওয়ামী লীগের সভাপতি ও বাংলাদেশ প্রধানমন্ত্রী শেখ হাসিনার হত্যার হুমকির প্রতিবাদে চুয়াডাঙ্গা যুব মহিলা লীগের বিক্ষোভ মিছিল ও প্রতিবাদ সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

সোমবার বিকাল সাড়ে চারটার সময় চুয়াডাঙ্গা জেলা যুব মহিলা লীগের সভাপতি আফরোজ পারভিন এর সভাপতিত্বে বিক্ষোভ মিছিল ও প্রতিবাদ সমাবেশ অনুষ্ঠিত হয়।

র্যালিটি চুয়াডাঙ্গা জেলা যুব মহিলা লীগের কার্যালয় হতে চুয়াডাঙ্গা বড় বাজার কোর্ট কবরী রোড হতে আবার চুয়াডাঙ্গা জেলা যুব মহিলা লীগের কার্যালয় এসে শেষ হয়

র্যালি ও আলোচনা সভায় উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা যুব মহিলা লীগের সভাপতি আফরোজা পারভীন, যুগ্ম সাধারণ সম্পাদক আলিজা খাতুন, সহ-সভাপতি- পূর্ণিমা হালদার, সদর উপজেলা যুব মহিলা লীগের সভাপতি-কাজলী আক্তার, সাংগঠনিক সম্পাদক সপ্না খাতুন চিনি,আলমডাঙ্গা উপজেলার যুব মহিলা লীগের সভাপতি মনিরা খাতুন, সাধারণ সম্পাদক জাহানারা খাতুন, চুয়াডাঙ্গা পৌর ৯নং ওয়ার্ড সভাপতি-আরজিনা খাতুন, সাধারণ সম্পাদক বেবি, সাংগাঠনিক সম্পাদক মিতা রানী, ৬ নং ওয়ার্ড সভাপতি রুপালি, সাধারণ সম্পাদক ফাহিমা, ২নং ওয়ার্ড কমিটির অর্থ সম্পাদক শিউলি সহ চুয়াডাঙ্গা জেলা ও উপজেলা যুব মহিলা লীগের নেতৃবৃন্দ।

দামুড়হুদায় মাদক বিরোধী

প্রীতি ফুটবল টুর্নামেন্টের ফাইনাল খেলা অনুষ্ঠিত

“চলো যাই যুদ্ধে, মাদকের বিরুদ্ধে” এই স্লোগানকে সামনে রেখে দামুড়হুদায় মাদক বিরোধী প্রীতি ফুটবল টুর্নামেন্ট ও পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়েছে।

আজ রবিবার বিকাল ৩ টার সময় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সহযোগিতায় দামুড়হুদা উপজেলা প্রশাসনের আয়োজনে শেখ রাসেল মিনি স্টেডিয়ামে মাদক বিরোধী প্রীতি ফুটবল টুর্নামেন্টে প্রধান অতিথি ছিলেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক মোহাম্মদ আমিনুল ইসলাম খাঁন।

এসময় প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, চলো যাই যুদ্ধে মাদকের বিরুদ্ধে, খেলাধুলায় বাড়ে বল, মাদক ছেড়ে খেলতে চল। ফুটবল একটি জনপ্রিয় খেলা। মাদকের উপর আসক্তি কমানোর জন্যই মূলত এই মাদক বিরোধী প্রীতি ফুটবল টুর্নামেন্টের আয়োজন করা হয়েছে। চুয়াডাঙ্গার ফুটবলের একটি ঐতিহ্য রয়েছে। এর হারানো ঐতিহ্যকে ফিরিয়ে আনতে হবে। খেলাধুলা করলে মন ও শরীর উভয় ভালো থাকে। খেলাধুলা মাদক থেকে দূরে রাখে। সবারই নিয়মিত খেলাধুলা করা প্রয়োজন। মাদকের কড়াল থাবা থেকে বাঁচতে আগামী প্রজন্মকে মাদক থেকে দূরে রাখতে নিয়মিত খেলাধুলার আয়োজন করতে হবে। আপনার সন্তানদের নিয়মিত খোঁজ খবর নিবেন। তাদেরকে খারাপ সঙ্গ ত্যাগ করিয়ে খেলাধূলার প্রতি মনযোগের জন্য সবাইকে উদাত্য আহবান জানান। জেলায় মাদকে জিরো টলারেন্স ঘোষণা করেন, এরই ধারাবাহিকতায় আগামীতে জেলার সবাইকে নিয়ে ডিসি গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্টের আয়োজন করা হবে বলে তিনি বলেন। মাদকে যারা জড়িয়ে গেছেন তারা তিলে তিলে নিঃশ্বেস হয়ে যাবে। মাদকের কারনে কিশোর গ্যাং চুরি ছিন্তাই বৃদ্ধি পায়। এসময় তিনি খেলার আয়োজক কমিটিকে ধন্যবাদ জানান।

দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা’র সভাপতিত্বে এসময় বিশেষ অতিথি ছিলেন জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সহকারী পরিচালক শরিয়ত উল্লাহ, অতিরিক্ত পুলিশ সুপার (দামুড়হুদা সার্কেল) জাকিয়া সুলতানা, উপজেলা সহকারী কমিশনার ভূমি সজল কুমার দাস, দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি সাইফুল ইসলাম, ওসি তদন্ত সফিউল আলম, উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান সাহিদা খাতুন, দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলী,

কার্পাসডাঙ্গা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আ: করিম বিশ্বাস, কুড়ালগাছি ইউপি চেয়ারম্যান কামাল উদ্দিন, নতিপোতা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ইয়ামিন আলী, হাউলী ইউনিয়ন পরিষদের ভারপ্রাপ্ত চেয়ারম্যান নিজাম উদ্দিন, সদর ইউপি সদস্য সামসুল ইসলাম, দামুড়হুদা উপজেলা প্রেসক্লাবের সভাপতি আরিফুল ইসলাম মিলন, দামুড়হুদা স্পোর্টিং ক্লাবের যুগ্ম সাধারণ সম্পাদক শহীদ আজম সদু প্রমুখ।

খেলায় মোট ৪টি দল অংশ গ্রহণ করেন। তারা হলেন নতিপোতা ইউনিয়ন একাদশ, মদনা একাদশ, দামুড়হুদা সদর ইউনিয়ন একাদশ, কার্পাসডাঙ্গা একাদশ। একই দিনে সব দলের খেলা অনুষ্ঠিত হয়। প্রথম সেমিফাইনাল খেলায় নতিপোতা ইউনিয়ন একাদশ ২-০ গোলে মদনা ইউনিয়ন একাদশকে পরাজিত করে ফাইনালে ওঠে। পরে দামুড়হুদা ইউনিয়ন একাদশ ও কার্পাসডাঙ্গা ইউনিয়ন একাদশ এর মধ্যে খেলা অনুষ্ঠিত হয়। খেলায় কোন দল গোল করতে না পারায় খেলাটি শুন্য গোলে ড্র হয় এবং খেলাটি ট্রাইবেকার পর্যন্ত গড়ায়। ট্রাইবেকারে দামুড়হুদা একাদশ ০১ গোল করে এবং কার্পাসডাঙ্গা একাদশ ০৩ গোল দিয়ে ফাইনালে উতীর্ণ হন। পরে কার্পাসডাঙ্গা বনাম নতিপোতা একাদশের ফাইনাল খেলা অনুষ্ঠিত হয়। খেলায় কার্পাসডাঙ্গা ইউনিয়ন একাদশ ১-০ গোলে নতিপোতা ইউনিয়ন একাদশকে হারিয়ে চাম্পিয়ান হওয়ার গৌরব অর্জন করেন। রানার্সআপ হয় নতিপোতা ইউনিয়ন একাদশ। খেলা শেষে প্রধান অতিথি চাম্পিয়ান দলকে চাম্পিয়ান টফি ও রানার্সআপ দলকে রানার্সআপ টফি প্রদান করেন।

খেলায় প্রধান রেফারির দায়িত্ব পালন করেন সৈয়দ মাসুদুর রহমান খোকন, সহকারী রেফারি ছিলেন, ইউসুফ আলী এবং তিতুয়ার রহমান। খেলায় ধারাভাষ্য দেন উদীয়মান ধারাভাষ্যকার মো: শামীম খাঁন।

দামুড়হুদায় অগ্নিকাণ্ডে ভস্নীভূত হওয়ায় পরিবারের পাশে

ইউএনও রোকসানা মিতা

দামুড়হুদায় অগ্নিকাণ্ডে মেসার্স সাইম ট্রেডার্স পুড়ে ভস্নীভূত হওয়ায় পরিবারটির পাশে দাঁড়ালেন উপজেলা নির্বাহী অফিসার (ইউএনও) রোকসানা মিতা। আজ তিনি ঘটনাস্থল পরিদর্শন করেন ও পরিবারের খোঁজ খবর নেন। উপজেলা প্রশাসনের পক্ষ থেকে আর্থিক সহায়তা প্রদান করেন। সেই সাথে ব্যবসা প্রতিষ্ঠান পূর্ণনির্মাণ করার জন্য ঢেউটিনের আবেদন করতে বলেন।

উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা বলেন অগ্নিকাণ্ডের ঘটনা জানতে পেরে ঘটনাস্থল পরিদর্শন করেছি ও পরিবারের খোঁজ খবর নিয়েছি। অগ্নিকাণ্ডে ব্যবসায়ী অনেকটা ক্ষতিগ্রস্ত হয়েছে, ঘটনাটি অত্যন্ত কষ্টদায়ক। ব্যবসায়ী শওকত ওসমান আমার অফিসে এসেছিলেন উপজেলা প্রশাসনের পক্ষ থেকে আর্থিক সহায়তা প্রদান করা হয়েছে। সেই সাথে ব্যবসা প্রতিষ্ঠান পূর্ণনির্মাণ করার জন্য ঢেউটিনের আবেদন করতে বলেছি, আবেদন করলে ঢেউটিন প্রদান করা হবে। এবং পরিবারটিকে সার্বিক সহযোগিতা করার আশ্বাস দিয়েছি। এধরণের অনাকাঙ্ক্ষিত অগ্নিকান্ড এড়াতে সকলকে নিজ নিজ অবস্থান থেকে সচেতন থাকা দরকার বলে জানান।

উল্লেখ্য গত শুক্রবার দামুড়হুদা উপজেলার নাটুদাহ ইউনিয়নের চারুলিয়া গ্রামে মেসার্স সাইম ট্রেডার্স অগ্নিকাণ্ডে পুড়ে ভস্নীভূত হয়। ক্ষতিগ্রস্ত ব্যবসায়ী চারুলিয়া গ্রামের পুলপাড়া এলাকার মৃত নজরুল মাষ্টারের ছেলে শওকত আলী(৬০)।

শুক্রবার রাত ৩ টার দিকে নিজ বাড়ির সাথে সার ও কীটনাশকের দোকানে অগ্নিকান্ডের ঘটনা ঘটে। এ সময় অগ্নিকাণ্ডে প্রায় অর্ধকোটি টাকার ক্ষয়ক্ষতি হয়েছে বলে দাবি ব্যবসায়ী শওকত আলীর।

দর্শনায় ফেনসিডিলসহ মহিলা মাদক

ব্যবসায়ী গ্রেফতার

দর্শনা থানা পুলিশ ৫০ বোতল ভারতীয় ফেনসিডিলসহ এক মহিলা মাদক ব্যবসায়ী সেলিনা খাতুন (৪৫) কে গ্রেফতার করেছে । সে দর্শনা পৌরসভার আজমপুর মাঠ পাড়ার স্বামী মুজিবর রহমান ও খলিলুর রহমানের মেয়ে।

জানাগেছে রবিবার (২১ মে) দুপুর ১ টার দিকে দর্শনা থানার অফিসার ইনচার্জ ফেরদৌস ওয়াহিদের নেতৃত্বে, অভিযান চালায় দর্শনা হল্ট ষ্টেশন টাওয়ার পাড়ায়।

এ সময় দর্শনা থানার এস আই সোহেল রানা, দর্শনা থানার এসআই স্বপন কুমার সরকার, এএসআই বশির আহম্মেদ, এএসআই মাসুম বিল্যাহ্, নারী এএসআই মোছাঃ রওশন আরা,অভিযান চালায় টাওয়ারপাড়ার মুনাজাতের ছেলে আব্দুস ছাত্তারের দোকানের পিছনে। এ সময় পুলিশ মহিলা মাদক ব্যাবসায়ী সেলিনা কে গ্রেফতার করে।পরে তার কাছে থাকা কাপড়ের ব্যাগ তল্লাশি করে ৫০ বোতল ভারতীয় ফেনসিডিল উদ্ধার করে।

এ ঘটনায় দর্শনা থানার এস আই সোহেল রানা বাদি হয়ে মাদক আইনে মামলাসহ কোট হাজতে প্রেরন করে।

চুয়াডাঙ্গা জেলা পুলিশের সাপ্তাহিক মাস্টার প্যারেড অনুষ্ঠিত

চুয়াডাঙ্গা পুলিশ লাইন্স প্যারেড গ্রাউন্ডে বিভিন্ন ইউনিট ইনচার্জ ও অফিসার ফোর্সদের অংশগ্রহণে সাপ্তাহিক মাস্টার প্যারেড অনুষ্ঠিত হয়েছে। রবিবার সকাল সাড়ে আটটার সময় চুয়াডাঙ্গা পুলিশ লাইন্সে এই মাস্টার প্যারেড অনুষ্ঠিত হয়।

চুয়াডাঙ্গা জেলা পুলিশের পুলিশ সুপার আব্দুল্লাহ্ আল-মামুন অভিবাদন মঞ্চ থেকে সালামি গ্রহণ শেষে প্যারেড পরিদর্শন করেন।

প্যারেড অধিনায়কের দায়িত্ব পালন করেন, অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) আনিসুজ্জামান । এ সময় পুলিশ সুপার প্যারেডে অংশগ্রহণকারী অফিসার ফোর্সদের শারীরিক ফিটনেস ও টার্ন আউটের উপর ভিত্তি করে জিএস (গুড সার্ভিস) মার্ক প্রদান করেন।

পুলিশ সুপার প্যারেড পরিদর্শনান্তে সন্তুষ্টি প্রকাশ করেন এবং জেলা পুলিশের সকল সদস্যের উদ্দেশ্যে আইজিপি রেঞ্জ ডিআইজি প্রদত্ত নির্দেশনার আলোকে বক্তব্য প্রদান করেন।

উক্ত সাপ্তাহিক মাস্টার প্যারেডে আরো উপস্থিত ছিলেন, অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন ও অর্থ) মোঃ আবু তারেক, সহকারী পুলিশ সুপার (দামুড়হুদা সার্কেল) জাকিয়া সুলতানা, ডিআইও-(১), সকল অফিসার ইনচার্জগণ, কোর্ট পুলিশ পরিদর্শক, টিআই (প্রশাসন), আরআই, পুলিশ লাইন্সসহ চুয়াডাঙ্গা জেলার সকল থানা, ফাঁড়ি, তদন্তকেন্দ্র ও পুলিশ ক্যাম্পের অফিসার ও ফোর্সবৃন্দ।

চুয়াডাঙ্গা জেলা যুবলীগের শান্তি সমাবেশ অনুষ্ঠিত

বাংলাদেশ আওয়ামী যুবলীগের চেয়ারম্যান শেখ ফজলে সামস্ পরশ ও সাধারণ সম্পাদক আলহাজ্ব মাইনুল হোসেন খান নিখিল ঘোষিত কর্মসূচির নির্দেশনা অনুযায়ী চুয়াডাঙ্গায় শান্তি সমাবেশ করেছে যুবলীগের নেতাকর্মীরা।

আজ শনিবার বিকেল ৪ টায় জেলা যুবলীগের কার্যালয়ে এ সমাবেশের আয়োজন করা হয়।

শান্তি সমাবেশে সভাপতিত্ব করেন জেলা যুবলীগের আহ্বায়ক ও জেলা ক্রীড়া সংস্থার সাধারণ সম্পাদক নঈম হাসান জোয়ার্দ্দার। সভাপতির বক্তব্যে তিনি বলেন, ‘বিএনপি-জামায়াতের ‘সন্ত্রাস ও নৈরাজ্যের বিরুদ্ধে’ এবং প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে দেশের উন্নয়ন ও অগ্রযাত্রা অব্যাহত রাখতে এবং স্মার্ট বাংলাদেশ গড়ার লক্ষে এই শান্তি সমাবেশের আয়োজন করা হয়েছে। গণতন্ত্রের অগ্রযাত্রা

[redacted]

[redacted]